

উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভার কার্য বিবরণী  
সভাপতি : জনাব আক্তারুজ্জামান বেলাল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।  
স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর মহোদয়ের অফিস কক্ষ।  
সভার তারিখ : ০৬/০১/২০২১ খ্রিষ্টাব্দ, রোজ- বুধবার, সময় : সকাল ১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম তালিকা : পরিশিষ্ট 'ক'

সভায় শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অদ্যকার সভায় জনাব আবুল হোসেন, চেয়ারম্যান, জামালপুর সদর, জামালপুর উপস্থিত ছিলেন। উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর ও সদস্য সচিব, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ় করণ করা হয়। অতঃপর উপজেলা শিক্ষা অফিসার এজেন্ডা ভিত্তিক আলোচনা করেন।

১। ২০২০-২১ অর্থ বছরের ম্যানেজিং কমিটি গঠন : উপজেলা শিক্ষা অফিসার সভায় ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত বিষয়, সভায় উপস্থাপন করেন। উক্ত ১০টি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত উক্ত ১০টি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি বিষয় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উক্ত ১০টি বিদ্যালয়গুলির ম্যানেজিং কমিটি পরবর্তী উপজেলা শিক্ষা কমিটির সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

২। ২০২১ সালের বইয়ের চাহিদা : উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে প্রত্যেক বিদ্যালয় থেকে অনলাইনে বিদ্যালয় ভিত্তিক বইয়ের চাহিদা প্রধান শিক্ষকগণ দাখিল করেছেন। বিদ্যালয়গুলোর চাহিদা অনুযায়ী ২০২১ সালের বই আসবে বলে ধারণা করা হচ্ছে।

সিদ্ধান্ত: ২০২১ সালের বিনামূল্যের বই বিতরণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে সভায় অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আক্তারুজ্জামান বেলাল)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ জামালপুর সদর

ও

সভাপতি

উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি।

তারিখ : ০৬/০১/২০২১ খ্রিঃ।

স্মারক নং- উশিঅ/জামালপুর সদর/২০২১/১৫(২)/৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব আবুল হোসেন, চেয়ারম্যান, জামালপুর সদর, জামালপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

৩। জনাব আক্তারুজ্জামান বেলাল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

৪। জনাব -----, ও সদস্য, প্রাথমিক ও গণশিক্ষা কমিটি জামালপুর সদর, জামালপুর।

৫। অফিস কপি।

উপজেলা শিক্ষা অফিসার

জামালপুর সদর, জামালপুর।



০৬/০১/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা প্রাথমিক শিক্ষা  
কমিটির সভায় উপস্থিত সদস্যদের তালিকা :-

ক্রমিক নং	কর্মকর্তাগণের নাম, পদবী ও ঠিকানা	পদবী
১	জনাব আখতারুজ্জামান ,ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।	সভাপতি
২	জনাব মোঃ মিজানুর রহমান, চেয়ারম্যান, ১৪ নং দিগপাইত ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর।	সদস্য
৩	জনাব মোঃ আফজাল হোসেন বিদ্যুৎ, চেয়ারম্যান, ০৩ নং লক্ষীরচর ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।	সদস্য
৪	জনাব নাজমুল হক বাবু, ১৩ নং মেঠা ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর	সদস্য
৫	জনাব জুয়েল আশরাফ, উপজেলা শিক্ষা কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর।	সদস্য সচিব